গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
নিবন্ধন অধিদপ্তর

# জেলা রেজিস্ট্রারের কার্যালয়

মৌলভীবাজার

## সনদপ্রাপ্ত দলিল লিখকগণের প্রতি সাধারণ নির্দেশনাবলী

### একটি দলিল মুসাবিদা করতঃ নিবন্ধনের উদ্দেশ্যে কর্মকর্তার নিকট দাখিল করার পূর্বে অবশ্যই নিম্নবর্ণিত নির্দেশনাবলী পালন করতে হবে।

০১. সকল প্রকার দলিলে দাতা-গ্রহীতার নাম, ঠিকানা, দলিলের ফরমেট অনুযায়ী লিখতে হবে।

০২. প্রত্যেক দাতা-গ্রহীতার নামের বিপরীতে সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের ছবি লাগাতে হবে এবং উক্ত ছবির উপর স্বাক্ষর ও টিপসহ নিতে হবে।

০৩. প্রত্যেক দাতা-গ্রহীতার জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ/পাসপোর্ট নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) লিখতে হবে।

০৪. খতিয়ান (পর্চা) ও অন্যান্য কাগজপত্রের ফটোকপিতে দাখিলকারকের স্বাক্ষর নিতে হবে এবং দাখিলকারকের স্বাক্ষরের নীচে দলিল লিখকের স্বাক্ষর থাকতে হবে।

০৫. হস্তান্তরাধীন সম্পত্তির মালিকানার গত ২৫ (পঁচিশ) বৎসরের ধারাবাহিক বিবরণ দলিলে লিপিবদ্ধ করতে হবে।

০৬. দলিলে বায়া দলিলের বিবরণ থাকলে দাখিলকৃত বায়া দলিলের ফটোপিতে দাতা-গ্রহীতার নাম, মৌজার নাম, দাগ নম্বর, খতিয়ান নম্বর, জমির শ্রেণি, জমির পরিমাণ এবং দাখিলকৃত পর্চার ফটোকপিতে দাতার নাম, দাগ, খতিয়ান, শ্রেণি, পরিমাণ ইত্যাদি সবুজ রংয়ের মার্কার কলম দ্বারা স্পষ্ট ভাবে মার্ক (চিহ্নিত) করে দিতে দিবে।

০৭. দলিলে তফশীলে লিখিত/বর্ণিত সম্পত্তির একাধিক দাগ থাকলে প্রতিটি দাগের জমির পরিমাণ, জমির শ্রেণি ও জমির মূল্য পৃথক পৃথক ভাবে লিখতে হবে। প্রতিটি দাগ নম্বর, খতিয়ান নম্বর ও জমির পরিমাণ অংকে এবং কথায় লিখতে হবে।

০৮. দলিলে অংকিত হাত নকশায় হস্তান্তরিত সম্পত্তি (প্রযোজ্য ক্ষেত্রে) বর্ণিত দাগের বা দাগ সমূহের কোন দিকে (অর্থাৎ উত্তর-দক্ষিণ, পূর্ব-পশ্চিম) অবস্থিত তাহা স্পষ্ট ভাবে সবুজ কালি দ্বারা চিহ্নিত (মার্ক) করে দিতে হবে।

০৯. দাতা/দাতাগণের মালিকানাস্বত্ত্ব প্রমাণের জন্য এস.এ/আর.এস/বি.এস/খারিজ খতিয়ান পরচা (প্রযোজ্য ক্ষেত্রে) এর মূল কপি/মূল সহি মোহর নকল কপি এবং হালানাগাদ খাজনার মূল রশিদ নিবন্ধন কর্মকর্তাকে দেখাতে হবে এবং উহাদের ফটোকপি অবশ্যই দলিলের সাথে সংপুক্ত করে দিতে হবে।

১০. দলিলে বর্ণিত সম্পত্তি উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত হলে অবশ্যই উত্তরাধিকার সনদ দাখিল করতে হবে।

১১. দলিলে উত্তম সনাক্তকারী দ্বারা সনাক্তকরণ করতে হবে অর্থাৎ দলিল লিখক নিজে অথবা দলিল দাতার পিতা-মাতা, ভাই-বোন, নিকট আত্মীয় অথবা স্থানীয় চেয়ারম্যান-মেম্বার ইত্যাদি।

১২. দলিল দাতা নিরক্ষর হলে যিনি বকলমে লিখবেন তিনিই সনাক্তকারী হতে হবে।

১৩. দলিলের ফরমেটে আরও অন্যান্য যে সকল তথ্য প্রয়োজন সেগুলো অবশ্যই যথাযথভাবে পূরন করতে হবে।

জনস্বার্থে:
জেলা রেজিস্ট্রার, মৌলভীবাজার